



অভিবাসী তথ্য কেন্দ্র (এমআরসি) বাংলাদেশ

অভিবাসন সিদ্ধান্তে তথ্য সহায়তা



অভিবাসী তথ্য কেন্দ্র (এমআরসি) বাংলাদেশ, বাংলাদেশের অভিবাসী এবং বিশ্বের অন্যান্য দেশে কাজের উদ্দেশ্যে গমনোচ্ছুদের জন্য একটি একীভূত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। বিভিন্ন দেশে কাজের উদ্দেশ্যে যেতে ইচ্ছুক সম্ভাব্য বাংলাদেশি অভিবাসীদের বিভিন্ন রকম সেবা প্রদানসহ নানাবিধ কার্যাবলি পরিচালনা করে থাকে অভিবাসী তথ্য কেন্দ্র বা এমআরসি বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)'র সঙ্গে নিবিড়ভাবে কাজ করছে এমআরসি। নিরাপদ, নিয়মিত ও সুশৃঙ্খল অভিবাসন নিশ্চিতকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিচ্ছে এমআরসি বাংলাদেশ।

কি কি সেবা প্রদান করে এমআরসি?

 <p>সম্ভাব্য অভিবাসীদের অভিবাসন ব্যবস্থাপনার সকল বিষয়ে সুস্পষ্ট, সময়োপযোগী, সহজপ্রাপ্য ও নির্ভরযোগ্য তথ্য প্রদান করে</p>	 <p>সম্ভাব্য অভিবাসীদের প্রাক-বহির্গমন প্রশিক্ষণ, একক ও দলগত কাউন্সেলিং ও পরামর্শ প্রদান করে</p>	 <p>অভিবাসী ও তাদের পরিবারের অন্যান্য সকল প্রয়োজনীয় সেবার দিক নির্দেশনা দেয়</p>	 <p>অবৈধ অভিবাসন, মানব পাচারসহ অন্যান্য বিভিন্ন ঝুঁকি ও আশু বিপদ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য প্রচারণামূলক অভিযান পরিচালনা করে</p>
<p>সরকারি কর্মকর্তা-কর্মচারী ও সম্ভাব্য অভিবাসীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে</p> 	<p>অভিবাসীদের দক্ষতার জায়গাগুলো খুঁজে বের করে যথাযথ পেশাগত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে</p> 	<p>অভিবাসন সংক্রান্ত বিবিধ গবেষণা কার্য পরিচালনার মাধ্যমে বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান যেমন- সরকার, প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান, নাগরিক সমাজ, অভিবাসী, সম্ভাব্য অভিবাসী ও অভিবাসীদের পরিবারের জন্য বিভিন্ন তথ্য-উপাত্ত সম্বলিত শিক্ষা উপকরণ ও মডিউল তৈরি করে</p> 	<p>নিরাপদ অভিবাসন নিয়ে স্থানীয় ও জাতীয় পর্যায়ে বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানের সাথে একসাথে কাজ করে</p> 

আমাদের সব সেবা
একদম ফ্রি!!

কিভাবে পাবো এমআরসির সেবা?

সরাসরি অফিসে : রবিবার থেকে বৃহস্পতিবার, ৯ টা থেকে ৫ টা।

অভিবাসী তথ্য কেন্দ্র


ঢাকা:

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল : +৮৮ ০১৭৩০৬৬৬৯৩৬



কুমিল্লা:

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা
২৫, চান্দলা হাউজ
বাগিচাগাঁও, কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ
মোবাইল : +৮৮ ০১৭১৩০৮৬৩৩০



✉ info@mrc-bangladesh.org
🌐 www.mrc-bangladesh.org
📘 Migrant Resource Centre Bangladesh
📷 mrc_bangladesh
🐦 mrc_bangladesh

আমাদের সব সেবা
একদম ফ্রি!!

সহযোগিতায়



Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
Swiss Confederation
Federal Department of Justice and Police FDPJ
State Secretariat for Migration SEM



Federal Foreign Office

বাস্তবায়নে



International Centre for
Migration Policy Development